২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষপর্ব (নিয়মিত/প্রাইভেট) প্রোগ্রামের ভর্তি কার্যক্রমে নতুন অধিভূক্ত রসায়ন,ইংরেজি,দর্শন, ইসলামের ইতিহাস ও সংস্কৃতিসহ ০৪ (চার) টি বিষয়ে প্রাথমিক আবেদন করা যাবে।

# জাতীয় বিশ্ববিদ্যালয়
## গাজীপুর

স্মারক নং-০৭(চ-০৪৫)জাতীয় বিঃ/কঃপঃ/কোড-৪১০১/৪১৭৫৭ তারিখ ঃ ২৫/১১/১৮

প্রাপক ঃ
অধ্যক্ষ
ফেনী সরকারি কলেজ
সদর, ফেনী

বিষয় ঃ **মাস্টার্স ফাইনাল শিক্ষা কার্যক্রমে প্রথম সাময়িক অধিভুক্তি প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি কমিটির ৮৫তম সভার সুপারিশ এবং একাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেট সভার অনুমোদন সাপেক্ষে আপনার কলেজে নিম্নোক্ত শিক্ষা কার্যক্রম ও বিষয়ে শর্তাধীনে পরীক্ষামূলকভাবে প্রথম সাময়িক অধিভুক্তি প্রদান করা হলো :

| শিক্ষাকার্যক্রম | শিক্ষাবর্ষ | বিষয় | আসন সংখ্যা |
|---|---|---|---|
| মাস্টার্স ফাইনাল | ২০১৭-২০১৮ | রসায়ন | ৫০ |
| | | ইংরেজী | ৫০ |
| | | দর্শন | ৫০ |
| | | ইসলামের ইতিহাস ও সংস্কৃতি | ৫০ |

পালনীয় শর্তাবলী ঃ

১। **মাস্টার্স ফাইনাল শিক্ষা কার্যক্রমে রসায়ন, ইংরেজী, দর্শন এবং ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ে সর্বোচ্চ ৫০ জন করে শিক্ষার্থী ভর্তি করা যাবে। কোন অবস্থাতেই আসনের অতিরিক্ত শিক্ষার্থী ভর্তি করা যাবে না;**

২। **অধিভুক্ত বিষয়সমূহে আগামী ০১(এক) বছরের মধ্যে বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক কাম্য সংখ্যক শিক্ষকের পদ সৃষ্টি ও পদায়ন করে প্রামাণ্য কাগজপত্রসহ বিশ্ববিদ্যালয়কে অবহিত করতে হবে;**

৩। **বিশ্ববিদ্যালয়ের নীতিমালা অনুযায়ী বিভাগীয় ভৌত অবকাঠামোর উন্নয়ন করতে হবে;**

৩। **আগামী ০১ (এক) বছরের মধ্যে অধিভুক্ত মাস্টার্স শিক্ষাকার্যক্রমের প্রতিটি বিষয়ের অনুকূলে অতিরিক্ত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা করে সংরক্ষিত তহবিল গঠন করে বিশ্ববিদ্যালয়কে অবহিত করতে হবে;**

৫। আগামী ০১ (এক) বছরের মধ্যে লাইব্রেরী ও সেমিনার কক্ষে **রসায়ন, ইংরেজী, দর্শন এবং ইসলামের ইতিহাস ও সংস্কৃতি** বিষয়ের পুস্তক সংখ্যা ২,০০০ (দুই হাজার)-এ উন্নীত, গবেষণাগারকে আরো সমৃদ্ধ এবং অধিভুক্ত প্রত্যেকটি বিষয়ের বিভাগীয় অফিসে ০৫(পাঁচ)টি করে কম্পিউটার ক্রয়পূর্বক প্রামাণ্য কাগজপত্রসহ বিশ্ববিদ্যালয়কে অবহিত করতে হবে;

৬। কলেজের ফলাফল ভাল করার জন্য টিউটোরিয়াল ক্লাস ও পরীক্ষা চালু করতে হবে;

৭। মাস্টার্স ফাইনাল শিক্ষাকার্যক্রমের চূড়ান্ত পরীক্ষা নিজ কলেজে অনুষ্ঠিত হবে না। পরীক্ষা কোথায় হবে সে বিষয়ে জাতীয় বিশ্ববিদ্যালয় সিদ্ধান্ত গ্রহণ করবে;

৮। কলেজে ইন্টারনেট সংযোগসহ কলেজের নিজস্ব ওয়েবসাইট এবং ই-মেইল এড্রেস খুলে জাতীয় বিশ্ববিদ্যালয়কে অবহিত করতে হবে;

৯। জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রণীত সংশ্লিষ্ট বিধি বিধান অত্র কলেজের ক্ষেত্রে প্রযোজ্য হবে;

১০। মাস্টার্স শিক্ষা কার্যক্রম পরিচালনা করতে গিয়ে অনার্স কার্যক্রমকে বাধাগ্রস্থ করা যাবে না। প্রয়োজনে অতিরিক্ত শিফট চালু এবং প্রয়োজনীয় শ্রেণীকক্ষ সহ অন্যান্য সুবিধাদি বাড়াতে হবে।

২৫.১১.১৮
ড. মোঃ মনিরুজ্জামান
কলেজ পরিদর্শক (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর

স্মারক নং-০৭(চ-০৪৫)জাতীয় বিঃ/কঃপঃ/কোড-৪১০১/ তারিখ ঃ .....

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:**

১। ডিন (ভারপ্রাপ্ত), স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, আঃ গণি রোড, ঢাকা-১০০০
৩। পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৪। পরিচালক, কম্পিউটার ও আই সি টি ইউনিট, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৫। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৬। অফিস কপি

২৫.১১.১৮
কলেজ পরিদর্শক
জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর

কলেজ পরিদর্শন সংশ্লিষ্ট আবেদন ফরম ও রেগুলেশনসমূহ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.nu.edu.bd এর download froms এর ভিতর ক্রমিক নং ৬ হতে ১৪ পর্যন্ত লিংকে পাওয়া যাবে।